



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৮-২০১৯/ ৪৪৭৬

তারিখ : ১৪.০২.২০১৯ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর অবসর ভোগরত কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব মোঃ মোজাম্মেল হক (এম-১৩১৮) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।


০২। মোঃ মোজাম্মেল হক (এম-১৩১৮) ১৯৯৫ সালে বিকেবি, কালীগঞ্জ শাখা, ঝিনাইদহতে পরিদর্শক হিসেবে কর্মরত থাকাকালীন সময়ে কর্মক্ষেত্রে যাওয়ার পথে বাস দুর্ঘটনায় পতিত হয়ে একটি পা হারান। পায়ের চিকিৎসায় প্রায় ১২ লক্ষ টাকা ব্যয় করেন। গৃহীত গৃহ নির্মাণ অগ্রিমের সিংহভাগ টাকা চিকিৎসা বাবদ ব্যয় করতে বাধ্য হন। এখনো মাসে ১০/১২ হাজার টাকার ঔষধ প্রয়োজন হয়। ফলে স্ত্রী ও ৪ সন্তান নিয়ে মানবের জীবন যাপন করছেন।

০৩। সংশ্লিষ্ট কর্মকর্তা বিগত ০৬-০৯-২০১২ তারিখে বিকেবি, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ হতে কর্মকর্তা হিসেবে পূর্ণ অবসরে গমন করেন। প্রাপ্য আনুতোষিক, ভবিষ্য তহবিল ও ছুটি নগদায়নের টাকা তাঁর গৃহীত গৃহ নির্মাণ অগ্রিমের সাথে সমন্বয় করা হয়েছে। কিন্তু এরপরেও গৃহ নির্মাণ অগ্রিম বাবদ পাওনা থাকায় মাসিক প্রাপ্য চিকিৎসা ভাতা ও উৎসব বোনাসের টাকা অবশিষ্ট গৃহ নির্মাণ অগ্রিমের সাথে সমন্বয় করা হচ্ছে। ফলে সংসার পরিচালনায় সহায় সম্বল যা ছিল তা বিক্রি করতে হয়েছে এবং তিনি অতিশয় আর্থিক সংকটে পতিত হয়েছেন। আর্থিক সংকটের বিষয়টি উল্লেখপূর্বক সাবেক এই কর্মকর্তা বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের সদস্য হিসেবে এই পরিবারের সকলের কাছে আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৪। এমতাবস্থায়, জনাব মোঃ মোজাম্মেল হক এর চিকিৎসা ও পারিবারিক ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহে পরিচালিত আবেদনকারীর সঞ্চয়ী হিসাব নং-৫৩৭৮-এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এম,এ, রউফ ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ।
- ০৫। ব্যবস্থাপক, বিকেবি, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ।
- ০৬। জনাব মোঃ মোজাম্মেল হক (এম-১৩১৮), অবসরপ্রাপ্ত কর্মকর্তা, বিকেবি, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ।
- ০৭। নথি/অফিস নথি।